# বাংলাদেশ কৃষি ব্যাংক
## বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।

**এপ্রিল/২০২১ হতে জুন/২০২১ সময়কালের ৪র্থ প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরনীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাঃ খালেদুজ্জমান, মহাব্যবস্থাপক (আহ্বায়ক, বিভাগীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি) |
| তারিখ ও সময় | ঃ | ১০-০৬-২০২১ খ্রীঃ সময় বিকালঃ ৩.৩০ঘঃ |
| স্থান | ঃ | মহাব্যবস্থাপক এর অফিস কক্ষ। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-'ক' |

০১। সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তার বক্তব্যে অত্র ব্যাংকের "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষন সম্পর্কে আলোকপাত করেন এবং সে অনুযায়ী ২০২০-২০২১ অর্থ বছরের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। তিনি বলেন আর্থিক স্বচ্ছতা সুশাসন প্রতিষ্ঠার একটি বড় মাধ্যম, সে কারনেই প্রতিষ্ঠানের সর্বক্ষেত্রে আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহীতার কোন বিকল্প নেই। সরকার সকল প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠার উপর গুরুত্ব আরোপ করেছেন। অত্র ব্যাংকের অত্র বিভাগেও যাতে শুদ্ধাচার চর্চা অব্যাহত থাকে, শুধুমাত্র পয়েন্ট অর্জনের জন্য দায়সারাভাবে কার্যক্রম গৃহীত না হয় তার জন্য উপস্থিত সকলকে পরামর্শ দেন।

০২। সভাপতি "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১" এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোকপাতের এক পর্যায়ে চলমান প্রান্তিকে লক্ষ্যমাত্রাসমূহ শতভাগ পূরণের জন্য বিশেষ দিক নির্দেশনা প্রদান করেন। তিনি সিদ্ধান্ত বাস্তবায়নের তথ্য প্রমানাদি নথি হেফাজতে সংরক্ষনের পরামর্শ দেন। শাখা/কার্যালয়ের সুশাসন, নিয়মানুবর্তিতা, প্রতিষ্ঠানের বিধি বিধান পরিপালন, অফিস শৃঙ্খলা, সততা ইত্যাদি বিষয়ে সভাপতি বিস্তারিত আলোচনা করেন।

০৩। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) বিগত ৩য় প্রান্তিকের সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে হবে।
খ) কাগজপত্র সঠিক থাকলে ০৩(তিন) দিনে মধ্যে ঋণ নবায়ন/নতুন মঞ্জুরীর প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।
গ) গ্রাহকগণের তরফ হতে কোন অভিযোগ পাওয়া গেলে দ্রুততম সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের ধারা অব্যাহত রাখতে হবে।
ঘ) অঞ্চল/শাখা পরিদর্শনের কাজ নিয়মিত রাখতে হবে।
ঙ) স্ব-স্ব অধস্তন কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদনের কপি এবং এতদসংক্রান্ত সুপারিশ মালা বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন সংগ্রহ করে নিয়মিতভাবে শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরন করতে হবে।
চ) কর্ম পরিবেশের উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা রক্ষা) করতে হবে।

০৪। অতঃপর ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

Zaman
১০/০৬/২০২১

(মোহাঃ খালেদুজ্জমান)
মহাব্যবস্থাপক
আহ্বায়ক
শুদ্ধাচার নৈতিকতা কমিটি, বিকাঃ, ফরিদপুর

বিকেবি/বিকা/ফরিদ/প্রশাঃ-২৬(শুদ্ধাচার)/২০২০-২০২১/৬৪০১(১০৫) তারিখঃ ১০-০৬-২০২১ খ্রীঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ
০১। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিনিকা, ফরিদপুর।
০৩। সকল মূখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, ফরিদপুর বিভাগ।
০৪। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, ফরিদপুর বিভাগ।

G:\Sudhachar puroskar.docx29

অদ্য ১০-০৬-২০২১ ইং তারিখে অনুষ্ঠিত বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুরের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সদস্যগণের হাজিরাঃ

| নং | নাম ও পদবী | কমিটিতে পদ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | জনাব মোহাঃ খালেদুজ্জমান, মহাব্যবস্থাপক | আহ্বায়ক | |
| ০২। | জনাব মোঃ মেহেদী হাসান, সহকারী মহাব্যবস্থাপক (উমব্য. এর দায়িত্বে) | সদস্য | |
| ০৩। | জনাব উত্তম কুমার মজুমদার, উর্ধতন মূখ্য কর্মকর্তা | সদস্য সচিব (ফোকাল পয়েন্ট কর্মকর্তা) | |
| ০৪। | জনাব মোঃ জুবায়ের আলম, উর্ধতন মুখ্য কর্মকর্তা | সদস্য (প্রশাসনিক দপ্তরে কর্মরত) | |
| ০৫। | জনাব মোঃ শফিকুর রহমান, মুখ্য কর্মকর্তা(ষ্টাফ অফিসার) | সদস্য(পরিদর্শন দপ্তরে কর্মরত) | |
| ০৬। | জনাব মোঃ শাহনেওয়াজ, সহকারী প্রকৌশলী | সদস্য (আইটি দপ্তরে কর্মরত) | |